

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ, ঢাকা  
(প্রশাসন শাখা)  
www.supremecourt.gov.bd

স্মারক নং-১০৭৪০

এ,

তারিখ : ১৩ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ  
২৮ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাক্ষণসহ অধস্তন সকল দেওয়ানী ও ফৌজদারী আদালত/ট্রাইব্যুনালসমূহে কর্মরত বিচারক এবং তাঁদের এজলাস ও বাসভবনের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সম্প্রতি বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাক্ষণে যে নজিরবিহীন ও অনভিপ্রেত ঘটনাবলী সংঘটিত হয়েছে এবং একই সাথে বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাক্ষণসহ দেশের জেলা আদালতসমূহে সাম্প্রতিক সময়ে যেসকল অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির সৃষ্টি হয়েছে সেসকল বিষয় সম্পর্কে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয় গভীরভাবে উদ্বেগ।

উল্লেখ্য বাংলাদেশ সুপ্রীম কোর্ট হতে ইতিপূর্বে একাধিকবার স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাসমূহের সহায়তায় দেশের প্রত্যেক আদালত/ট্রাইব্যুনাল প্রাক্ষণ, এজলাস, বিচারকদের বাসভবন, বিচারকদের গাড়ী, বিচারক ও কর্মচারীসহ আদালত সংশ্লিষ্ট সকলের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হয়েছিলো।

রাষ্ট্রের প্রধান তিনটি অঙ্গের মধ্যে বিচার বিভাগ অন্যতম। আইনের শাসন ও ন্যায় বিচার নিশ্চিতকরণ এবং আদালতের ভাবমূর্তি বজায় রাখার নিমিত্ত দেশের প্রত্যেক আদালত/ট্রাইব্যুনাল প্রাক্ষণ, এজলাস, বিচারকদের বাসভবন, বিচারক ও কর্মচারীসহ আদালত সংশ্লিষ্ট সকলের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার নিমিত্ত অবিলম্বে প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করার জন্য বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয় দেশের সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে নির্দেশ প্রদান করেছেন।

এমতাবস্থায়, দেশের প্রত্যেক আদালত/ট্রাইব্যুনাল প্রাক্ষণ, এজলাস, বিচারকদের বাসভবন, বিচারকদের গাড়ী, বিচারক ও কর্মচারীসহ আদালত সংশ্লিষ্ট সকলের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার নিমিত্ত অবিলম্বে প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত

(ড. আজিজ আহমদ ভূঞা)

রেজিস্ট্রার জেনারেল

ফোন: ০২-২২৩৩৮২৭৮৫

ইমেইল: [rg@supremecourt.gov.bd](mailto:rg@supremecourt.gov.bd)

স্মারক নং-১০৭৪০ (১-১৩)


এ,

তারিখ : ১৩ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ  
২৮ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. আইজিপি, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা (মেট্রোপলিটন/জেলা পর্যায়ে পুলিশ প্রশাসনকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।

৬. মহাপরিচালক, র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব) (প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
৭. মহাপরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা (প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
৮. পুলিশ কমিশনার, মেট্রোপলিটন পুলিশ, ঢাকা/চট্টগ্রাম/বরিশাল/খুলনা/রাজশাহী/সিলেট/রংপুর/ময়মনসিংহ (বিধি মোতাবেক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার অনুরোধসহ)।
৯. জেলা প্রশাসক, ..... (সকল) (বিধি মোতাবেক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার অনুরোধসহ)।
১০. পুলিশ সুপার, ..... (সকল) (বিধি মোতাবেক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার অনুরোধসহ)।
১১. মাননীয় প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১২. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩. অফিস কপি।

  
25.11.28

(ড. মোঃ আতিকুস সামাদ)  
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)  
ফোন: +৮৮০২২২৩৩৮১৮৬৫  
ইমেইল:judicialdr1@gmail.com